পরিবেশ ও জীববৈচিত্র রক্ষায় হরিণাকুণ্ডুর তিনটি কবরস্থানে বৃক্ষরোপণ

‘পবিত্র প্রাঙ্গণ হোক সবুজ-সুশোভিত, প্রকৃতি হোক নির্মল’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে পরিবেশ ও জীববৈচিত্র সুরক্ষায় ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার দৌলতপুর ইউনিয়নের হিঙ্গারপাড়া গ্রামের তিনটি কবরস্থানে ২৩০টি ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা রোপণ করা হয়েছে।

শুক্রবার (৯ অক্টোবর) জুমার নামাজ শেষে হিঙ্গারপাড়া কেন্দ্রীয় পুরাতন জামে মসজিদ প্রাঙ্গণে একটি বয়ড়া গাছের চারা রোপণের মধ্য দিয়ে এই বৃক্ষরোপন কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক মোঃ হামিদ পারভেজ মিয়া।

হিঙ্গারপাড়া গ্রামের শান্তি নিকেতন পাবলিক কবরস্থান, জামে মসজিদ সংলগ্ন কবরস্থান এবং মালিতাপাড়া কবরস্থান প্রাঙ্গণে এ বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সামাজিক সংগঠন হিউম্যানিটারিয়ান ইয়ুথ ডেভেলপমেন্ট অর্গানাইজেশন এবং মোঃ হামিদ পারভেজ মিয়া কল্যাণ ট্রাস্টের যৌথ উদ্যোগ ও সার্বিক ব্যবস্থাপনায় এ কর্মসূচির আয়োজন করা হয়। এর মাধ্যমে কবরস্থান গুলোর পরিবেশের সৌন্দর্য বৃদ্ধি, সবুজায়ন এবং স্থানীয় জীববৈচিত্র সংরক্ষণে ভূমিকা রাখার প্রত্যাশা করছেন আয়োজকেরা।

বৃক্ষরোপণ কর্মসূচির প্রধান পৃষ্ঠপোষক মোঃ হামিদ পারভেজ মিয়া বলেন, “জলবায়ু পরিবর্তনের এই সময়ে পরিবেশ রক্ষা ও প্রকৃতির ভারসাম্য বজায় রাখা আমাদের সবার দায়িত্ব। কবরস্থানের মতো পবিত্র স্থানগুলো সবুজে সাজিয়ে তোলার মাধ্যমে আমরা পরিবেশ সংরক্ষণে অবদান রাখতে পারি। এসব গাছ ভবিষ্যতে পাখিসহ বিভিন্ন প্রাণীর আশ্রয়স্থল হিসেবেও ভূমিকা রাখবে। আমাদের উদ্দেশ্য শুধু গাছ লাগানো নয়, বরং নিয়মিত পরিচর্যার মাধ্যমে চারাগুলোকে বাঁচিয়ে রেখে বড় করে তোলা।”

এসময় স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, সমাজসেবক, কবরস্থানগুলোর

পরিচালনা কমিটি, মসজিদ কমিটির সভাপতি ও মসজিদের মুসল্লিরা উপস্থিত থেকে বৃক্ষরোপণ কর্মসূচীতে অংশ নেন।

ঝিনাইদহে কেন্দ্রীয় সমবায় ব্যাংকের আয়োজনে বৃক্ষরোপণ কর্মসূচি

একটি সবুজ ও বাসযোগ্য পৃথিবীর প্রত্যাশায় ঝিনাইদহে “বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৬” উপলক্ষে আলোচনা সভা ও বিভিন্ন প্রজাতির গাছের চারা বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেডের আয়োজনে ব্যাংকের কার্যালয় চত্বরে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় যুগ্ম-নিবন্ধক মো. নূরুন্নবী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেডের সভাপতি ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেডের সহ-সভাপতি এম এ গফুর, জেলা বিএনপির সহ-সভাপতি, কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেডের সদস্য ও জেলা দোকান মালিক সমিতির সভাপতি আনোয়ারুল ইসলাম বাদশা, জেলা সমবায় অফিসার মো. তানভীর আহমেদ, এবং ঝিনাইদহ কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিমিটেডের নির্বাহী কর্মকর্তা মো. ফারুক হোসেন, উপজেলা সমবায় অফিসার শামীমা নাসরিন, এ্যাসিস্ট্যান্ট অফিসার মো. জাহিদুর রহমান, সদস্য সৈয়দ শফিউল ইসলাম, শহিদুল ইসলাম, সাইফুর রহমান ও জাফর ইকবালসহ অন্যান্যরা। এ সময় সমবায় ব্যাংকের অন্যান্য কর্মকর্তা- কর্মচারী এবং বিভিন্ন সমবায় সমিতির সদস্যরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় বক্তারা পরিবেশের ভারসাম্য রক্ষা, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য সবুজ ও বাসযোগ্য পরিবেশ নিশ্চিত করতে বেশি বেশি গাছ লাগানোর ওপর গুরুত্বারোপ করেন।

পরে সমবায় সমিতির সদস্যদের মধ্যে বিভিন্ন প্রজাতির ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা বিতরণ করা হয়।

দর্শনায় কচি কন্ঠের আসর সংগঠনের উদ্যোগে বৃক্ষ রোপণ ও বিতরণ

ইউএসএ (USA) সামাজিক ও সেবামূলক সংগঠন কচি কণ্ঠের আসর এর চেয়ারম্যানের নির্দেশনায় চুয়াডাঙ্গা জেলা শাখা কমিটির আয়োজনে দর্শনা বালিকা বিদ্যালয় ও দক্ষিণ চাঁদপুর বিদ্যালয়ে বৃক্ষ রোপণ ও ফলজ গাছ ছাত্র-ছাত্রীদের মাঝে বিতরণ করা হয়েছে ।

মঙ্গলবার বেলা সাড়ে ১২ টায় বিদ্যালয় প্রাঙ্গনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সময় কচি কণ্ঠের আসরের চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি এ কে এম হুমায়ুন কবির বলেন গাছ আমাদের অক্সিজেন দেওয়ার পাশাপাশি পরিবেশের ভারসাম্য বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে।

ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি নিরাপদ ও বাসযোগ্য পৃথিবী রেখে যেতে আমাদের প্রত্যেকেরই নিয়মিত গাছ লাগানো উচিত। সামাজিক ও সেবামূলক সংগঠন কচি কণ্ঠের আসরের এ রকম কার্যক্রম ভবিষ্যতে আরো বেশি চলমান থাকবে।

সংগঠনের সদস্য সচিব লিয়াকত আলী বলেন গাছ রোপণ আমাদের পরিবেশ, স্বাস্থ্য এবং অর্থনৈতিক সুরক্ষার জন্য অপরিহার্য। এটি পৃথিবীর ভারসাম্য বজায় রাখতে এবং মানবজাতির অস্তিত্ব টিকিয়ে রাখতে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এজন্য আমাদের সকলের উচিত বেশি বেশি গাছ রোপণ করা। এ সময় তিনি বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের গাছ রোপণের জন্য আহব্বান জানান।

এ সময় অনুষ্ঠানে আরও ছিলেন দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ্ কলেজের প্রভাষক লাবন্য আক্তার মারু, কচি কণ্ঠের আসর সংগঠনের অর্থ সচিব

মনোয়ার হোসেন, সদস্য মোঃ আফজালুল হক বাদল ও খুরশিদা নাহার।

মেহেরপুরের কুতুবপুরে বৃক্ষরোপণ কর্মসূচি পালন

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের শিশিরপাড়া ট্যাংগার মাঠ সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে যুব জাগরণ সংঘের প্রধান পৃষ্ঠপোষক ও শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের মহাসচিব জাকির হোসেনের উদ্যোগে এ বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়।

কর্মসূচিতে যুব জাগরণ সংঘের সভাপতি ইঞ্জিনিয়ার আলমগীর হোসেনের নেতৃত্বে বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপণ করা হয়।
এ সময় কুতুবপুর ইউনিয়নের ৮ নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক নবীরুল ইসলাম, বিএনপি নেতা জাহাদুল ইসলাম, ইলিয়াস, রাজু, আয়ুব আলীসহ স্থানীয় বিএনপির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

বক্তারা পরিবেশের ভারসাম্য রক্ষা, সবুজায়ন বৃদ্ধি এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য বাসযোগ্য পরিবেশ গড়ে তুলতে বেশি বেশি গাছ লাগানোর আহ্বান জানান। পাশাপাশি বৃক্ষরোপণের পাশাপাশি রোপণ করা গাছের নিয়মিত পরিচর্যা ও সংরক্ষণের ওপর গুরুত্বারোপ করেন।

মেহেরপুরে জেলা বিএনপির

বৃক্ষরোপণ কর্মসূচি

“বৃক্ষ দিয়ে সাজাই দেশ, সবার উপরে বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)’র ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে বৃক্ষরোপণ কর্মসূচি পালিত হয়েছে।

গতকাল শনিবার (৫ সেপ্টেম্বর) বিকেল সাড়ে ৫টার দিকে বিএনপির কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামে এ বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সহসভাপতি আলমগীর খান ছাতু, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, জেলা জাসাসের সদস্যসচিব এ. বাকী বিল্লাহ এবং জেলা বিএনপির সাবেক সহসাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন।

এ সময় আরও উপস্থিত ছিলেন শহীদ জিয়া স্মৃতি সংসদের আহ্বায়ক আলিফ আরাফাত খান, বুড়িপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি নাসির উদ্দিন এবং ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি ওমর ফারুক।

কর্মসূচিতে স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেন। এ সময় বিভিন্ন প্রজাতির বনজ, ফলজ ও ঔষধি গাছের চারা রোপণ করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী সারাদেশে পাঁচ কোটি গাছের চারা রোপণের কর্মসূচি নেওয়া হয়েছে। সেই কর্মসূচির অংশ হিসেবে গত ছয় মাসে সারাদেশে তিন কোটি গাছের চারা রোপণ করা হয়েছে বলে তিনি দাবি করেন।

তিনি আরও বলেন, পর্যায়ক্রমে আগামী তিন মাসের মধ্যে আরও তিন কোটি গাছের চারা রোপণের উদ্যোগ নেওয়া হবে। বনজ, ফলজ ও ঔষধি গাছের চারা রোপণের মাধ্যমে দেশকে সবুজ-শ্যামলে ভরে তোলার পাশাপাশি কৃষকদের মধ্যেও চারা বিতরণ করা হচ্ছে। মেহেরপুরেও প্রতিদিন বিভিন্ন এলাকায় বৃক্ষরোপণ ও চারা বিতরণ কর্মসূচি অব্যাহত থাকবে।

কর্মসূচিতে বুড়িপোতা ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের সভাপতি ও সাধারণ

সম্পাদকসহ ইউনিয়ন ও ওয়ার্ড বিএনপির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটসের বৃক্ষরোপণ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপের পক্ষ থেকে বৃক্ষরোপণ সপ্তাহ উদযাপন করা হয়েছে। সোমবার বেলা বারোটায় চুয়াডাঙ্গা সরকারি কলেজ প্রাঙ্গণে বৃক্ষরোপণ সপ্তাহ উপলক্ষ্যে বৃক্ষরোপণ ও বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

বৃক্ষরোপন কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ ও চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের গ্রুপ সভাপতি প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদ।

উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীরর নির্দেশনা মোতাবেক এবং বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল কর্তৃক ঘোষিত বৃক্ষরোপণ সপ্তাহ দেশব্যাপী উদযাপিত হচ্ছে।

এসময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর ফারজানা কেতকী,চুয়াডাঙ্গা সরকারি কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক সফিকুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি কলেজ বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ও চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের সম্পাদক জাহিদুল হাসান, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. আব্দুর রশিদ, প্রভাষক ও ইউনিট লিডার আজিম হোসেনসহ চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের সিনিয়র রোভার আল মুতাকাব্বির সাকিব ও রোভার স্কাউটস এর সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনায় বৃক্ষরোপণ ও মাছের পোনা অবমুক্তকরণ কর্মসূচি

বর্তমান সরকারের বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে দর্শনা সরকারি কলেজের উদ্যোগে বৃক্ষরোপণ ও পুকুরে মাছের পোনা অবমুক্তকরণ কর্মসূচি পালিত হয়েছে।

রবিবার সকাল সাড়ে ১১টায় দর্শনা সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক এস এম শাহ আলম কলেজ প্রাঙ্গণে বৃক্ষরোপণ এবং কলেজের নিজস্ব পুকুরে মাছের পোনা অবমুক্ত করেন।

এ সময় অধ্যক্ষ অধ্যাপক এস এম শাহ আলম বলেন, “গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে দর্শনা সরকারি কলেজে এ বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়েছে। কলেজ চত্বর সবুজায়ন করা হবে। গাছ পরিবেশের ভারসাম্য রক্ষা করে।”

তিনি আরও বলেন, “আমাদের দেশের জলবায়ু পরিবর্তন হচ্ছে। সেখানে যদি আমরা বেশি বেশি গাছ লাগাই, তাহলে গাছ থেকে অক্সিজেন পাব, ফল পাব এবং কাঠের গাছ থেকে অর্থনৈতিকভাবে লাভবান হতে পারব। গাছ আমাদের সর্বক্ষেত্রে প্রয়োজন। গাছ থেকে ওষুধ পাই, খাদ্য পাই। গাছ ছাড়া আমাদের বেঁচে থাকা অসম্ভব। তাই উপস্থিত সবাইকে বলব, বাড়ির উঠানে, ছাদে ও পতিত জমিতে প্রত্যেকেই অন্তত একটি করে গাছ লাগাবেন।”

বৃক্ষরোপণ ও মাছের পোনা অবমুক্তকরণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজের বৃক্ষরোপণ কমিটির সদস্য ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক কায়েম জাহান, ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক হাফিজুল ইসলাম, বাংলা বিভাগের শিক্ষক আশরাফুল আলম, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক জমসেদুর রহমান, ইংরেজি বিভাগের শিক্ষক কামাল হোসেন শরীফ, ব্যবস্থাপনা বিভাগের শিক্ষক সাইফুল ইসলাম, ইসলাম শিক্ষা বিভাগের শিক্ষক মাহমুদুল হক সিদ্দিক, উদ্ভিদবিজ্ঞান বিভাগের শিক্ষক মুসলিমা খাতুন, কলেজ ছাত্রদলের সভাপতি মোফাজেল হক মোফা, সাধারণ সম্পাদক পলাশ আহমেদ এবং দর্শনা সরকারি কলেজের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা।

অনুষ্ঠান পরিচালনা করেন সহযোগী শিক্ষক মুকুল হোসেন।

মেহেরপুরে বিএনপির বৃক্ষরোপণ ও দোয়া মাহফিল

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার ৮২তম জন্মদিন উপলক্ষে তার রুহের মাগফিরাত কামনায় মেহেরপুরে বৃক্ষরোপণ কর্মসূচি ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে মেহেরপুর পৌরসভার ৯ নম্বর ওয়ার্ড বিএনপির উদ্যোগে এ কর্মসূচির আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

এ সময় স্থানীয় বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। কর্মসূচির অংশ হিসেবে বৃক্ষরোপণ করা হয়। পরে বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনা করে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার উদ্ধোধন

“বৃক্ষ রোপণে সাজাই দেশ, সবার আগে বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৬ উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে র্যালিটি বের হয়। জেলা প্রশাসক শিল্পী রানী রায়ের নেতৃত্বে বাদ্যযন্ত্রের তালে তালে র্যালিটি শহরের প্রধান

প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে এসে শেষ হয়। পরে সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

র্যালিতে অংশ নেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তারিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল হক, সামাজিক বন বিভাগ কুষ্টিয়ার বিভাগীয় বন কর্মকর্তা মো. রেজাউল আলম, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তোফাজ্জেল হোসেন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত কৃষি কর্মকর্তা শায়খুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, জেলা জামায়াতে ইসলামীর রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন, মেহেরপুর জেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, বন কর্মকর্তা এইচ. টি. হামিম, জেলা জাসাসের আহ্বায়ক বাকা বিল্লাহসহ বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ এবং সামাজিক সংগঠনের প্রতিনিধিরা।

র্যালি শেষে বক্তারা পরিবেশের ভারসাম্য রক্ষা, বনায়ন সম্প্রসারণ এবং দেশব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি সফল করতে সবাইকে বেশি বেশি গাছ লাগানো ও পরিচর্যার আহ্বান জানান। পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে সবুজ বাংলাদেশ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করা হয়।

মেহেরপুর কালেক্টরেট স্কুলে বৃক্ষ রোপণ ও চারা বিতরণ

মেহেরপুর কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজ প্রাঙ্গণে বৃক্ষ রোপণ ও বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকালে স্কুল কর্তৃপক্ষের আয়োজনে ছাত্র-ছাত্রীদের মাঝে চারা বিতরণ করা হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক শিল্পী রানি রায়। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) প্রার্থ প্রীতম শীল এবং সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বাবলু সূত্রধর।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মেহেরপুর কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মিসেস রেহানা ইয়াসমিন, সহকারী শিক্ষক খন্দকার বদরুদ্দোজা (শান্ত), শিক্ষিকা সেলিনা আফরোজা, নাজমা আক্তার, ফাতেমা খাতুন, শাহানা আক্তার, বিথী খাতুন, শাহিনা আফরোজ, রওশন আরা সহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রী ও অভিভাবকবৃন্দ।

এই কর্মসূচির মাধ্যমে পরিবেশ সুরক্ষা ও সবুজায়নের প্রতি ছাত্র-ছাত্রীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গাছের চারা বিতরণ করা হয়। অনুষ্ঠানে বক্তারা পরিবেশ রক্ষায় বৃক্ষরোপণের গুরুত্ব তুলে ধরেন এবং সকলকে নিজ নিজ স্থানে গাছ লাগানোর আহ্বান জানান।